



পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক শ্রমিক ইউনিয়ন

১৮এ ব্রাবোর্ণ রোড, কলকাতা-৭০০ ০০১

(বি.ই.এফ.আই-এর অন্তর্ভুক্ত সংগঠন)

রেজিঃ নং— ৪১৯৯



পরিপত্র সংখ্যা - ০৭/২০১৭

তারিখ - ২৬.০৪.২০১৭

সকল সদস্যদের জন্য,

সার্থী,

বয়স্ক এমপ্লয়িজ ফেডারেশন, পঃবঃ এর পরিপত্র সংখ্যা ১১/২০১৭, তারিখ-১৮.০৪.২০১৭ এর প্রকৃত পাঠসংশ এর অনুলিপি নিচে দেওয়া হলো আপনাদের অবগতি ও আবশ্যকীয় সক্রিয়তা অবলম্বনের জন্য।

সংগ্রামী অভিনন্দন সহ,

শ্রীজিৎ সেনগুপ্ত
(সাধারণ সম্পাদক)

=====

(বি-ই-এফ, পঃবঃ এর পরিপত্র সংখ্যা - ১১/২০১৭ এর প্রকৃত পাঠসংশ)

প্রিয় কমরেড,

মহান মে দিবস উদযাপন

আরও একটা ঐতিহাসিক “মে দিবস” এসে গেল। মে দিবসের ইতিহাস মানে নির্ধারিত কাজের সময়ের দাবীতে শ্রমিকশ্রেনীর সংগ্রামের ইতিহাস। শ্রমিকশ্রেনীর সেই গৌরবময় সংগ্রাম আজও সমান প্রাসঙ্গিক।

নয়া উদারবাদী আর্থিক নীতির দাপটে প্রত্যেকটি খেটে খাওয়া মানুষের জীবন জীবিকা আজ বিপর্যস্ত। একদিকে অসহনীয় দ্রব্যমূল্য বৃদ্ধি, নতুন চাকরীর সুযোগের অভাব। সমগ্র শিল্পক্ষেত্রে স্থায়ী চাকরীর বদলে প্রমবর্ধমান ঠিকা শ্রমিক নিয়োগের ব্যবস্থা, বয়স্ক-বীমা সহ আর্থিক ক্ষেত্রে সংস্কারের উদ্দাম গতি, বয়স্কশিল্পে সংযুক্তিকরণের ফ্রকটি, দীর্ঘ লড়াইয়ের মাধ্যমে শ্রমিকশ্রেনীর অর্জিত নূন্যতম অধিকারগুলি - শ্রম-আইন সংশোধনের মাধ্যমে মালিকপক্ষকে মর্জিমারফিক অস্থায়ী কর্মী ছাঁটাই এর অধিকার দেওয়া, অন্যান্যদিকে আশ্রয় মানুষদের প্রমবর্ধমান প্রতিরোধ-সংগ্রাম। সমগ্র শ্রমিকশ্রেনী ও অন্যান্য খেটে খাওয়া মানুষের দৃঢ় ঐক্যই এই সংগ্রামে সবচেয়ে জরুরী ও শক্তিশালী হাতিয়ার, সেই ঐক্য গড়ে তোলাই এই মুহূর্তের বড় কাজ। আর সেই ঐক্যের মূলে কুঠারাঘাত করতে, সমস্ত ঐক্য ভেঙ্গে চুরমার করতে উঠেপড়ে লেগেছে শাসক সম্প্রদায়, ধর্মীয় ভাবাবেগ কাজে লাগিয়ে মানুষের মধ্যে বিভেদ সৃষ্টি করার উদ্দেশ্যে মধ্যযুগীয় মৌলবাদের উদ্দাম প্রচার চলছে রাষ্ট্রশক্তির প্রত্যক্ষ মদতে।

এই পরিপ্রেক্ষিতে সব ধরনের ধর্মীয় মৌলবাদী প্রচারকে পরাস্ত করে সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা ও তাকে আরও সম্প্রসারিত করাই হোক এবারের মে দিবসের শপথ।

এই শপথ গ্রহণের উদ্দেশ্যে আমাদের রাজ্যের শ্রমিকশ্রেনী মিলিত হবে মে দিবসের সমাবেশে কলকাতার শহিদ মিনার ময়দানে - আগামী ১লা মে (২০১৭), সোমবার, বিকাল ০৫-০০টায়। সমাবেশে যোগদানের উদ্দেশ্যে মিছিল শুরু হবে ঐদিন বিকাল ০৪-৩০ টায় “জীবনপ্রকাশ” ভবন (সেন্ট্রাল এডিনিউ ও মিশন রো - এর সংযোগ স্থল) থেকে।

আগামী ১লা মে (২০১৭), সোমবার, বিকাল ৪-৩০ টায়, সেন্ট্রাল এডিনিউ ও মিশন রো - এর সংযোগ স্থলে “জীবনপ্রকাশ” ভবনের সামনে বয়স্ক সংখ্যক সদস্যদের জমায়েত সূনিশ্চিত করে মিছিলে অংশগ্রহণ ও মে দিবসের সমাবেশে মাফলসম্মতি করার জন্য আমাদের প্রতিটি ইউনিটকে এখন থেকেই যথাযথ উদ্যোগ নিতে হবে।

ঊষা অভিবাদন সহ,

(জয়দেব দাশগুপ্ত)

সাধারণ সম্পাদক